

কুবিতে স্নাতকে ভর্তি ফি কমানোর দাবিতে গণস্বাক্ষর

কুবি সংবাদদাতা

০৬ মার্চ, ২০২৫ ২০:৪৩

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি, সেমিস্টার ফিসহ অন্য সব ক্ষেত্রে বর্ধিত ফি কমানোর দাবিতে শিক্ষার্থীদের পক্ষে গণস্বাক্ষর কর্মসূচি পালন করেছে থিয়েটার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়। এ সময় পাঁচ শতাধিক শিক্ষার্থী গণস্বাক্ষর কর্মসূচিতে অংশ নেন। পরবর্তীতে স্বাক্ষরনামাসহ এসংক্রান্ত একটি স্মারকলিপি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর প্রদান করেন সংগঠনটির সদস্যরা।

বৃহস্পতিবার (৬ মার্চ) বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষদের সামনের রাস্তায় এ কর্মসূচি পালন করেন তারা।

স্মারকলিপিতে উল্লেখ করা হয়, ‘সরকারি বিশ্ববিদ্যালয় হওয়ায় বিভিন্ন ধরনের শিক্ষার্থীরা এখানে পড়াশোনা করেন। তাদের জন্য অতিরিক্ত ফি বহন করা কষ্টসাধ্য। বার্ষিক আয় বাড়ানোর কথা বলে শিক্ষার্থীদের ওপর আর্থিক ধকল বাড়ানো এটা অমানবিক। এ ক্ষেত্রে শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানোর জন্য আমরা তাগিদ জানাই।

শিক্ষার্থীদের প্রতি অমানবিক আচরণ থেকে আপনাদের বিরত থাকার অনুরোধ জানাই। শিক্ষার্থীদের জীবন পরিচালনা সহজীকরণের জন্য সেমিস্টার ফি ৪০ শতাংশ কমানোর জোর দাবি জানাই। পাশাপাশি স্নাতকে ভর্তি ফি অনেক বেশি

বাড়ানো হয়েছে সেখান থেকেও ৪০ শতাংশ কমানোর দাবি জানাই সেই সাথে সাথে বর্ধিত সবে ফি কমানোর জন্য প্রশাসনের প্রতি অনুরোধ জানাচ্ছি।’

আরো পড়ুন



ঈদে ট্রেনের আগাম টিকিট ১৪ মার্চ থেকে

থিয়েটার, কুবির সাধারণ সম্পাদক হান্নান রাহিম বলেন, ‘২০১৮ সালে থিয়েটারের দাবির পরিপ্রেক্ষিতে স্নাতকোত্তরে ভর্তি ফি কমানো হয়।

তারই ধারাবাহিকতায় বিভিন্ন খাতে ফি বাড়ানোর প্রতিবাদে আজকে আমরা গণস্বাক্ষর কর্মসূচি ও স্মারকলিপি প্রদান করেছি প্রশাসন বরাবর। বার্ষিক আয় বাড়ানোর নাম করে শিক্ষার্থীদের ওপর বিপুল অর্থের বোঝা চাপিয়ে দেওয়া কোনোভাবে কাম্য নয়। প্রশাসনকে বলতে চাই, আপনারা শিক্ষা খাতে বরাদ্দ বাড়ান, শিক্ষার্থীদের ওপর কোনোভাবে জুলুম করবেন না। দ্রুত সময়ের মধ্যে দাবিসমূহের প্রেক্ষিতে প্রশাসন যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন সে আশা রাখছি।’

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. হায়দার আলী বলেন, ‘আমি স্মারকলিপিটি রেজিস্ট্রার বরাবর হস্তান্তর করেছি।

পরবর্তী একাডেমিক কাউন্সিল মিটিংয়ে সবাই আলোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত নেব।’

উল্লেখ্য, গত বছরের ১৭ অক্টোবর রেজিস্ট্রার দপ্তর থেকে প্রাপ্ত বিজ্ঞপ্তি থেকে জানা যায়, স্নাতক প্রথম বর্ষে ফি বাড়ানো হয়েছে ১ হাজার টাকা দ্বিতীয় বর্ষে ৫৫০ টাকা। এ ছাড়া স্নাতকোত্তরের (বিজ্ঞান, সমাজবিজ্ঞান, প্রকৌশল, ব্যবসা ও আইন) অনুষদের ভর্তির ফি আগে সাত হাজার ৮০০ টাকা বাড়িয়ে ৮ হাজার ৯০০ টাকা করা হয়েছে, হল ফি ১০০ থেকে বাড়িয়ে করা হয়েছে ১৫০ টাকা। এ ছাড়া স্নাতকের নতুন শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রেও প্রায় ২ হাজার টাকা বাড়ানো হয়েছে।